সাংবাদিক সদরুল আনামের অবস্থা সংকটাপন্ন, দোয়া কামনা

মেহেরপুরের প্রবীণ সাংবাদিক সদরুল আনাম (৭৫) গুরুতর অসুস্থ হয়ে ঢাকার একটি মেডিকেল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন রয়েছেন। তাঁর শারীরিক অবস্থা অত্যন্ত সংকটাপন্ন। গত ৩০ সেপ্টেম্বর রাত থেকে তিনি হাসপাতালের আইসিইউতে লাইফ সাপোর্টে রয়েছেন।

পরিবারের সদস্যরা জানিয়েছেন, সদরুল আনাম দীর্ঘদিন ধরে নানা জটিল শারীরিক সমস্যায় ভুগছেন। প্রায় তিন বছর ধরে তিনি শয্যাশায়ী। তিনি স্ট্রোক, পারকিনসন্সসহ বিভিন্ন জটিল রোগের উপসর্গে ভুগছেন। সম্প্রতি তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হলে তাঁকে ঢাকায় নেওয়া হয়। বর্তমানে তিনি চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন।

সদরুল আনাম মেহেরপুরের সাংবাদিকতার জগতে পরিচিত একটি নাম। আশির দশকে তিনি তৎকালীন জনপ্রিয় দৈনিক বাংলার বাণী পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। সাংবাদিকতার পাশাপাশি তিনি একই প্রকাশনার সাপ্তাহিক সিনেমা এবং দ্য বাংলাদেশ টাইমস পত্রিকাতেও কাজ করেছেন।

স্বৈরশাসক এরশাদের আমলে ১৯৮৭ সালে দৈনিক বাংলার বাণী বন্ধ হয়ে গেলে তাঁর সাংবাদিকতা জীবনে ছন্দপতন ঘটে। পরবর্তী সময়ে জীবিকা নির্বাহের প্রয়োজনে তিনি আইনজীবী মো. আবুবকর সাহেবের সহকারী (মুহুরি) হিসেবে কাজ করেন। পেশা পরিবর্তন হলেও সাংবাদিকতা ও সংবাদজগতের সঙ্গে তাঁর সম্পর্ক কখনো পুরোপুরি বিচ্ছিন্ন হয়নি।

সদরুল আনামের দীর্ঘ কর্মজীবনের সঙ্গে মেহেরপুরের সাংবাদিকতার একটি সময়ের ইতিহাসও জড়িয়ে রয়েছে। সীমিত যোগাযোগব্যবস্থা ও প্রযুক্তির যুগে সংবাদ সংগ্রহ, লেখা এবং তা জাতীয় পত্রিকায় পাঠানোর কঠিন সময়ে তিনি মেহেরপুরের নানা ঘটনা ও মানুষের কথা সংবাদপত্রের পাতায় তুলে ধরেছেন।

বর্তমানে তাঁর শারীরিক অবস্থা অত্যন্ত সংকটাপন্ন হওয়ায় পরিবার, স্বজন, সহকর্মী, সাংবাদিক সমাজ ও শুভাকাঙ্ক্ষীরা তাঁর দ্রুত রোগমুক্তি ও সুস্থতার জন্য সবার কাছে দোয়া চেয়েছেন।

প্রবীণ সাংবাদিক আজাদ মালিতার জন্মদিন আজ

আজ ১ ফেব্রুয়ারী বুধবার ২০২৩ইং। চুয়াডাঙ্গার প্রবীণ ও প্রথিতযশা সাংবাদিক ‘আজাদ মালিতা’র ৭৪-তম জন্মদিন। ৭৩ বছর আগে ১৯৫০ সালের এই দিনে চুয়াডাঙ্গা শহরের রেলপাড়ার আব্দুল রহিম মল্লিক-এর (দাদীর নানা) বাড়ী জন্মগ্রহণ করেন।

দৈনিক পশ্চিমাঞ্চল সম্পাদক-প্রকাশক আজাদ মালিতা প্রকৃতার্থে দামুড়হুদা উপজেলার গোপলপুর গ্রামের সম্ভ্রান্ত মালিতা পরিবারের জেহের আলী মালিতা-হাজেরা খাতুনের দৌহিত্র ও হাবিবুল জান্নাত মালিতা (মঙ্গল মিঞা)-জাহানারা খাতুনের দ্বিতীয় পুত্র।

আমরা আমাদের শ্রদ্ধেয় পিতা আজাদ মালিতার শারীরিক সুস্থ্যতা ও দীর্ঘায়ু কামনায় পাঠক, গুণগ্রাহী, শুভাকাঙ্খী, আত্মীয়-স্বজন ও চুয়াডাঙ্গাবাসীসহ দেশ-বিদেশের সকলের নিকট দো’আ প্রার্থনা করেছেন পুত্র রুবাইত-বিন-আজাদ (সুস্থির) ও কন্যা আফসানা আইরিন।